Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

IOM
Islamic Online Madrasah

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

কুরআনে বর্ণিত নবীদের ঘটনা

তত্ত্বাবধায়নেঃ

মাওঃ শারাফাত কারীম

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

সৈয়দা জান্নাতুন নাহার

রোলঃ 227021281

৩০ নভেম্বর,২০২৪ ইং

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

কুরআনে বর্ণিত নবীদের ঘটনা

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।

তত্ত্বাবধায়নেঃ

মাওঃ শারাফাত কারীম

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

সৈয়দা জান্নাতুন নাহার

রোলঃ 227021281

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, " কুরআনে বর্ণিত নবীদের ঘটনা " বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে সৈয়দা জান্নাতুন নাহার, আইডিঃ 227021281 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মাও: শারাফাত কারীম
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ
আকিদাহ ও ফিকহ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, “ কুরআনে বর্ণিত নবীদের ঘটনা ” শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মাও: শারাফাত কারীম উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

Syeda Jannatun Nahar

(স্বাক্ষর)

তারিখঃ

৩০ নভেম্বর, ২০২৪ ইং

সৈয়দা জান্নাতুন নাহার

আইডিঃ 227021281

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

সূচিপত্র

No table of contents entries found.

কুরআনে বর্ণিত নবীদের ঘটনা

আল্লাহ তাআলা মানবসৃষ্টির ধারা শুরু করেছেন আদি পিতা হজরত আদম আলাইহিস সালামের মাধ্যমে। আল্লাহ তাকে নিপুণভাবে সৃষ্টি করেছেন এবং তার ভেতর রুহ ফুঁকে দিয়েছেন। আর এভাবেই আল্লাহ তাআলা প্রথম মানব সৃষ্টি করেন।

তাকে সৃষ্টির পর আল্লাহ তাআলা তাকে সম্মানিত করেছেন। ফিরিশতাদের আদেশ করেছেন তাকে সিজদা করতে। সকল ফিরিশতা তাকে সিজদা করেন; শুধু ইবলিস ছাড়া। এ অপরাধে আল্লাহ তাআলা তাকে অভিশপ্ত ঘোষণা করেন, জান্নাত থেকে চিরতরে বহিষ্কার করেন।

হযরত আদম আলাইহি ওয়াসাল্লাম

পবিত্র কোরআনুল কারিমে হযরত আদম আ.-এর নাম ২৫ বার এসেছে। কোরআন মাজিদে পয়গম্বরগণের আলোচনায় সর্বপ্রথম হযরত আদম আ.-এর আলোচনা এসেছে। সূরা বাকারা, আরাফ, ইসরা, কাহাফ এবং তৃহায় তাঁর নাম, গুণাবলী ও কার্যাবলীর আলোচনা হয়েছে। সূরা হিজর ও ছোয়াদে শুধু গুণাবলী এবং সূরা আল- ইমরান, মায়েদা, মাবইয়াম এবং ইয়াসিনে আনুসাঙ্গিকরূপে শুধু নামের উল্লেখ করা হয়েছে।

আদম আলাইহি ওয়াসাল্লাম এর সৃষ্টি

আল্লাহ তাআলা বলেন-

وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَةً قَالُوا أَتَجْعَلُ فِيهَا مَنْ يُفْسِدُ فِيهَا

وَيَسْفِكُ الدِّمَاءَ وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ قَالَ إِنِّي أَعْلَمُ مَا لَا تَعْلَمُ

َيَحْزَنُونَ (٣٨) وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا أُولَئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُون

"স্মরণ করো, যখন তোমার প্রতিপালক ফেরেশতাদের বললেন, আমি পৃথিবীতে প্রতিনিধি সৃষ্টি করছি। তারা বলল: আপনি কি সেখানে এমন কাউকে সৃষ্টি করবেন, যে অশান্তি ঘটাবে ও রক্তপাত করবে? আমরাই তো আপনার সপ্রশংস স্মৃতি ও পবিত্রতা ঘোষণা করি। তিনি বললেন, আমি যা জানি তোমরা জান না।" এবং তিনি আদমকে যাবতীয় নাম শিক্ষা দিলেন, তারপর তিনি সমুদয় ফেরেশতার সম্মুখে তা প্রকাশ করলেন এবং বললেন, তোমরা আমাকে এ সবের নাম বলে দাও, যদি তোমরা সত্যবাদী হও! তারা বলল, আপনি মহান, পবিত্র! আপনি আমাদের যা শিক্ষা দিয়েছেন, তা ছাড়া আমাদের তো কোনো জ্ঞানই নেই। বস্তুত আপনি মহাজ্ঞানী ও প্রজ্ঞাময়।

তিনি বললেন, হে আদম। তাদেরকে এ সবের নাম বলে দাও। যখন সে তাদেরকে এ সবের নাম বলে দিল তিনি বললেন আমি কি তোমাদের বলি নি, আকাশমণ্ডল ও পৃথিবীর অদৃশ্য বস্তু সম্বন্ধে আমি নিশ্চিতভাবে অবহিত এবং তোমরা যা প্রকাশ কর আর যা গোপন কর, আমি তা-ও জানি? আর যখন ফেরেশতাদের বললাম, তোমরা আদমকে সিজদা করো! তখন ইবলীস ছাড়া সকলেই সিজদা করল। সে অমান্য করল ও অহংকার করল। সুতরাং সে কাফিরদের অন্তর্ভুক্ত হয়ে গেল। এবং আমি বললাম, হে আদম! তুমি ও তোমার সঙ্গিনী জান্নাতে বসবাস কর এবং যেথায় ইচ্ছে আহার করো; কিন্তু এ বৃক্ষের নিকটবর্তী হয়ো না। তা হলে তোমরা অন্যায়কারীদের অন্তর্ভুক্ত হবে। কিন্তু শয়তান সেখান থেকে তাদের পদস্খলন ঘটাল এবং তারা যেখানে ছিল সেখান থেকে তাদের বিতাড়িত করল। আমি বললাম তোমরা একে অন্যের শত্রুরূপে নেমে যাও আর পৃথিবীতে কিছুকালের জন্য তোমাদের রইল বসবাস ও জীবিকা।

অন্য আয়াতে আল্লাহ তাআলা ইরশাদ করেন-

إن مثل عِيسَى عِندَ اللهِ كَمَثَلِ آدَمَ خَلَقَهُ مِنْ تُرَابٍ ثُمَّ قَالَ لَهُ كُنْ فيكون .

নিশ্চয় আল্লাহর নিকট ঈসার দৃষ্টান্ত আদমের মতো; তিনি তাঁকে মাটি দ্বারা সৃষ্টি করেছেন। অতঃপর তাকে বললেন, হও; ফলে সে হয়ে গেল। [সুরা আলে ইমরান, আয়াত: ৫৯] ৫৯১)।

আর অবশ্যই আমি তোমাদেরকে সৃষ্টি করেছি। তারপর তোমাদের আকৃতি দিয়েছি। এরপর ফিরিশতাদের বলেছি, তোমরা আদমকে সিজদা করো। অতঃপর তাঁরা সিজদা করেছে, ইবলিস ছাড়া। সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত ছিল না। তিনি বললেন, কীসে তোমাকে বাধা দিয়েছে যে সিজদা করছ না-যখন আমি তোমাকে নির্দেশ দিয়েছি? সে বলল, আমি তারচেয়ে উত্তম। আপনি আমাকে আগুন থেকে সৃষ্টি করেছেন আর তাকে সৃষ্টি করেছেন কাদামাটি থেকে। তিনি বললেন, সুতরাং তুমি এখান থেকে নেমে যাও। তোমার এই অধিকার নেই যে, এখানে তুমি অহংকার করবে। সুতরাং বের হও। নিশ্চয় তুমি লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত। সে বলল, সেদিন পর্যন্ত আমাকে অবকাশ দিন, যেদিন তাদেরকে পুনরুজ্জীবিত করা হবে। তিনি বললেন, নিশ্চয় তুমি অবকাশপ্রাপ্তদের অন্তর্ভুক্ত। সে বলল, আপনি আমাকে পথভ্রষ্ট করেছেন, সে কারণে অবশ্যই আমি তাদের জন্য আপনার সোজা পথে বসে থাকব। তারপর অবশ্যই তাদের নিকট উপস্থিত হব, তাদের সামনে থেকে ও তাদের পেছন থেকে এবং তাদের ডান দিক থেকে ও তাদের বাম দিক থেকে; আর আপনি তাদের অধিকাংশকে কৃতজ্ঞ পাবেন না। তিনি বললেন, তুমি এখান থেকে বের হও লাঞ্ছিত বিতাড়িত অবস্থায়। অবশ্যই তাদের মধ্য থেকে যে তোমার অনুসরণ করবে, আমি তোমাদের সবাইকে দিয়ে জাহান্নাম ভরে দেবোই। আর হে আদম, তুমি ও তোমার স্ত্রী জান্নাতে বাস করো। অতঃপর তোমরা আহার করো যেখান থেকে চাও এবং এই গাছটির নিকটবর্তী হয়ো না।

আদম আলাইহি ওয়াসাল্লাম এর - জান্নাত থেকে বের হওয়া

আদম আলাইহিস সালাম যেই জান্নাতে প্রবেশ করেছিলেন, তার অবস্থান আসমানে না জমিনে-এ ব্যাপারে যে মতভেদ রয়েছে, তা বিস্তারিত আলোচনা ও নিষ্পত্তি হওয়া প্রয়োজন। জমহুর উলামার মতে, তা হচ্ছে আসমানে অবস্থিত জান্নাতুল মাওয়া। কুরআনের বিভিন্ন আয়াত এবং বিভিন্ন হাদিসে যার ইঙ্গিত রয়েছে। যেমন আল্লাহ তাআলা এক আয়াতে ইরশাদ করেন-

وَقُلْنَا يَا آدَمُ اسْكُنْ أَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ .

আমি বললাম, হে আদম, তুমি এবং তোমার সঙ্গিনী জান্নাতে বসবাস করো। [সুরা বাকারা, আয়াত: ৩৫]

আল্লাহ তাআলা আদম আলাইহিস সালামকে যে জান্নাতে বসবাস করতে দিয়েছিলেন তা 'জান্নাতুল খুলদ' তথা অনন্ত জান্নাত ছিল না। কারণ, নির্দিষ্ট একটি গাছের ফল খেতে নিষেধ করে সেখানেও তাঁর ওপর বিধিনিষেধ আরোপ করা হয়েছিল। তিনি সেখানে নিদ্রাও যান, সেখান থেকে তাঁকে বহিষ্কারও করা হয় এবং ইবলিসও তাঁর নিকট সেখানে উপস্থিত হয়। এই সবগুলো বিষয়ই তা যে জান্নাতুল মাওয়া ছিল না তাই নির্দেশ করে। এ অভিমতটি উবাই ইবনু কাব, আবদুল্লাহ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু, ওহাব ইবনু মুনাব্বিহ ও সুফিয়ান ইবনু উয়াইনা রাদিয়াল্লাহু আনহুম থেকে বর্ণিত।

ইবনু আবি হাতিম রাহিমাহুল্লাহ বর্ণনা করেন, উবাই ইবনু কাব রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তাআলা আদম আলাইহিস সালামকে দীর্ঘকায় এবং ঘন কেশবিশিষ্ট পুরুষরূপে সৃষ্টি করেছেন;
যেন তিনি ছিলেন দীর্ঘ এক খেজুর গাছ। তারপর যখন তিনি বৃক্ষ-ফল আস্বাদন করেন, তখন দেহ থেকে তাঁর পোশাক খসে পড়ে। তখন সর্বপ্রথম তাঁর যে অঙ্গটি প্রকাশ পেয়েছিল তা হলো তাঁর লজ্জাস্থান। নিজের লজ্জাস্থান দেখে তিনি জান্নাতের মধ্যে দৌড়াতে শুরু করলেন। একপর্যায়ে তাঁর চুল একটি বৃক্ষে আটকে গেল। ফলে তিনি তা টেনে নিলেন। তখন আল্লাহ তাআলা তাঁকে লক্ষ করে বললেন, আদম, তুমি কি আমার থেকে পালিয়ে যাচ্ছ? আল্লাহর কথা শুনে আদম আলাইহিস সালাম বললেন, পালাচ্ছি না হে আমার রব, লজ্জায় এমনটি করছি।

ইরশাদ। ইরশাদ হয়েছে-

قَالَ اهْبِطُوا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ وَلَكُمْ فِي الْأَرْضِ مُسْتَقَرٌّ وَمَتَاعٌ إِلى حِين .

তিনি বললেন, তোমরা নেমে যাও। তোমরা একে অপরের শত্রু এবং জমিনে তোমাদের জন্য ক্ষণস্থায়ী আবাস ও ভোগ-উপকরণ রয়েছে।

[সুরা আরাফ, আয়াত: ২৪]

আদম আলাইহিস সালাম, হাওয়া আলাইহাস সালাম ও ইবলিসকে সম্বোধন করে এই আদেশ দেওয়া হয়েছিল। কারও কারও মতে, তাদের সাথে একটি সাপও এই আদেশের অন্তর্ভুক্ত ছিল। সীমালঙ্ঘন করার অপরাধে তাদেরকে জান্নাত থেকে নেমে যাওয়ার এই আদেশ দেওয়া হয়।

আদম ও হাওয়া আলাইহুমাস সালামের সাথে সাপের উল্লেখের স্বপক্ষে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একটি হাদিস পেশ করা হয়ে থাকে। তা হলো, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাপ হত্যার আদেশ দিয়ে বলেন, যেদিন এদের সাথে আমরা লড়াই করেছি, সেদিন থেকে আজ পর্যন্ত তাদের সাথে আর সন্ধি করিনি।

(মুসনাদে আহমাদ: খন্ড-২)

ইবনু আবি হাতিম রাহিমাহুল্লাহ বর্ণনা করেন, ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বলেন, আদম আলাইহিস সালামকে মক্কা ও তায়েফের মধ্যবর্তী দাহনা নামক স্থানে নামিয়ে দেওয়া হয়। হাসান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আদম আলাইহিস সালামকে ভারতে, হাওয়া আলাইহাস সালামকে জিদ্দায় এবং ইবলিসকে বসরা থেকে মাইল কয়েক দূরে দস্তমিসান নামক স্থানে নামিয়ে দেওয়া হয় আর সাপটিকে নামিয়ে দেওয়া হয় ইসপাহানে।

সুদ্দি রাহিমাহুল্লাহ বলেন, আদম আলাইহিস সালাম ভারতে অবতরণ করেন। আসার সময় হাজরে আসওয়াদ ও জান্নাতের একমুঠো পাতা নিয়ে আসেন এবং এই পাতাগুলো ভারতের বিভিন্ন স্থানে ছড়িয়ে দেন। ফলে সে দেশে সুগন্ধির গাছ উৎপন্ন হয়। ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আদম আলাইহিস সালামকে সাফায় এবং হাওয়া আলাইহাস সালামকে মারওয়ায় নামিয়ে দেওয়া হয়। ইবনু আবি হাতিম এই তথ্যটিও বর্ণনা করেছেন।

আদম আলাইহি ওয়াসাল্লাম ও মুসা আলাইহি ওয়াসাল্লাম এর কথোপকথন

ইমাম তিরমিজি ও নাসায়ি রাহিমাহুমাল্লাহ ভিন্ন সূত্রে হাদিসটি বর্ণনা কা সূত্রে রন। ইমামতি রাহিমাহুল্লাহ বলেন, হাদিসটি গরিব পর্যায়ের। বাজজারও ভিন্ন সূত্রে হাদিসটি বর্ণনা করেছেন। ইমাম আহমদ রাহিমাহুল্লাহ আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহুর সূত্রে বর্ণনা করেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আদম আলাইহিস সালাম ও মুসা আলাইহিস সালাম বাদানুবাদে লিপ্ত হন। মুসা আলাইহিস সালাম বললেন, হে আদম আলাইহিস সালাম, আপনি আমাদের পিতা, আপনি আমাদের সর্বনাশ করেছেন এবং আমাদেরকে জান্নাত থেকে বের করিয়ে এনেছেন। উত্তরে আদম আলাইহিস সালাম তাঁকে বললেন, আপনি তো সেই মুসা, আল্লাহ তাআলা আপনাকে তাঁর কালাম দিয়ে বৈশিষ্ট্যমণ্ডিত করেছেন। কখনো বলেছেন, তাঁর রিসালাতের জন্য এবং তিনি নিজ হাতে আপলোকে মনোনীত করেছেন। আপনি কি আমাকে এমন একটি কাজের জন্য তিরস্কার করছেন, যা আমাকে সৃষ্টির চল্লিশ বছর পূর্বেই আমার নামে লিপিবদ্ধ করে রাখা হয়েছিল? রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, যুক্তি-তর্কে আদম আলাইহিস সালাম মুসা আলাইহিস সালামের ওপর জয়লাভ করেন। আদম আলাইহিস সালাম মুসা আলাইহিস সালামের ওপর জয়লাভ করেন। আদম আলাইহিস সালাম মুসা আলাইহিস সালামের ওপর জয়লাভ করেন।

মুসনাদে আহমাদ; খন্ড ০২

হাদিসে আদম আ.-এর সৃষ্টি প্রসঙ্গ

ইমাম আহমদ বলেন, আবু মুসা আশআরি রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তাআলা আদম আলাইহিস সালামকে সমগ্র পৃথিবী থেকে সংগৃহীত একমুষ্টি মাটি দ্বারা সৃষ্টি করেছেন। তাই মাটি অনুপাতে আদমের সন্তানদের

কেউ হয় সাদা, কেউ হয় গৌরবর্ণ, কেউ হয় কালো, আবার কেউ হয় মাঝামাঝি বর্ণের। আবার কেউ হয় নোংড়া, কেউ হয় পরিচ্ছন্ন, কেউ হয় কোমল, কেউ হয় পাষাণ, কেউ-বা এগুলোর মাঝামাঝি। ঈষৎ শাব্দিক পার্থক্যসহ তিনি ভিন্ন সূত্রে উক্ত হাদিসটি বর্ণনা করেছেন।

আজরাইল আলাইহিস সালাম মাটি নিয়ে উপস্থিত হলে আল্লাহ তাআলা মাটিগুলো ভিজিয়ে নেন। এতে তা আটালো হয়ে যায়। তারপর ফিরিশতাদের উদ্দেশ্যে তিনি ঘোষণা দেন-

إِنِّي خَالِقٌ بَشَرًا مِنْ صَلْصَالٍ مِنْ حَمَإٍ مَسْنُونٍ، فَإِذَا سَوَّيْتُهُ وَنَفَخْتُ فِيهِ من رُوحِي فَقَعُوا لَهُ سَاجِدِينَ .

আমি একজন মানুষ সৃষ্টি করতে যাচ্ছি শুকনো ঠনঠনে কালচে মাটি থেকে। অতএব যখন আমি তাঁকে পূর্ণাঙ্গ রূপ দেবো এবং তার মধ্যে আমার রুহ ফুঁকে দেবো, তখন তোমরা তাঁর জন্য সিজদাবনত হও। [সুরা হিজর, আয়াত: ২৮-২৯/

তারপর আল্লাহ তাআলা আদম আলাইহিস সালামকে নিজ হাতে সৃষ্টি করেন, যাতে ইবলিস তাঁর ব্যাপারে অহংকার করতে না পারে। তারপর মাটির তৈরি এই মানব দেহটি থেকে চল্লিশ বছর পর্যন্ত (যা জুমআর দিনের অংশ বিশেষ ছিল) ২৫। একইভাবে পড়ে থাকে। তা দেখে ফিরিশতারা ঘাবড়ে যান। সবচেয়ে বেশি ভয় পায় ইবলিস। সে তাঁর পাশ দিয়ে আনাগোনা করত এবং তাঁকে আঘাত করত। ফলে দেহটি ঠনঠনে পোড়া মাটির মতো শব্দ করত। এ কারণেই মানব সৃষ্টির

উপাদানকে صلصال كالفخار তথা পোড়ামাটির মতো ঠনঠনে মাটি বলে

অভিহিত করা হয়েছে। ইবলিস তাঁকে বলত, তুমি একটি বিশেষ উদ্দেশ্যে সৃষ্টি হয়েছ।

আদম আলাইহি ওয়াসাল্লাম এর দুই ছেলে হাবিল ও কাবিলের ঘটনা

তাফসীর গ্রন্থে আমরা সুরা মায়েদার ব্যাখ্যা প্রসঙ্গে এই কাহিনি সম্পর্কে যথেষ্ট তাফসির গ্রন্থে আলোচনা করেছি। এখানে শুধু পূর্বসূরি ইমামগণ যা বলেছেন তার সারাংশ উল্লেখ করব।

সুদ্দি রাহিমাহুল্লাহ ইবন আব্বাস ও ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহুমা-সহ কতিপয় সাহাবির সূত্রে বর্ণনা করেন, আদম আলাইহিস সালাম এক গর্ভের পুত্র সন্তানের সঙ্গে অন্য গর্ভের কন্যা সন্তানকে বিয়ে দিতেন। হাবিল সেমতে কাবিলের যমজ বোনকে বিয়ে করতে মনস্থ করে। কাবিল বয়সে হাবিলের চেয়ে বড় ছিল। আর তার বোন ছিল অত্যধিক রূপসী

তাই কাবিল ভাইকে না দিয়ে নিজেই আপন বোনকে বিবাহ বন্ধনে আবদ্ধ করতে চাইল এবং আদম আলাইহিস সালাম হাবিলের সাথে তাকে বিবাহ দেওয়ার আদেশ করলে সে তা অগ্রাহ্য করল। ফলে আদম আলাইহিস সালাম তাদের দুজনকে কুরবানি করার আদেশ দিয়ে নিজে হজ করার জন্য মক্কায় চলে গেলেন। যাওয়ার প্রাক্কালে তিনি আসমানসমূহকে তাঁর সন্তানদের দেখাশোনার দায়িত্ব দিতে চাইলেন; কিন্তু তারা তা গ্রহণে অস্বীকৃতি জানাল। জমিন এবং পাহাড়- পর্বতকে তা নিতে বললে তারাও অস্বীকৃতি জানাল। অবশেষে কাবিল এই দায়িত্বভার গ্রহণ করল।

তারপর আদম আলাইহিস সালাম চলে গেলে তারা তাদের কুরবানি করল। হাবিল একটি মোটা-তাজা বকরি কুরবানি করলেন। তার অনেক বকরি ছিল। আর কাবিল কুরবানি করল নিজের উৎপাদিত নিম্নমানের এক বোঝা শস্য।

তারপর আগুন হাবিলের কুরবানি গ্রাস করে নিল আর কাবিলের কুরবানি অগ্রাহ্য করল। এতে কাবিল ক্ষেপে গিয়ে বলল, তোমাকে আমি হত্যা করেই ছাড়ব: যাতে করে তুমি আমার বোনকে বিয়ে করতে না পারো। উত্তরে হাবিল বললেন, আল্লাহ তাআলা কেবল মুত্তাকিদের কুরবানিই কবুল করে থাকেন।

এর কিছুদিন পর হাবিল পশুপাল নিয়ে বাড়ি ফিরতে বিলম্ব করলেন। ফলে আদম আলাইহিস সালাম তাঁর ভাই কাবিলকে বললেন, দেখো তো ওর আসতে এত দেরি হচ্ছে কেন? কাবিল গিয়ে হাবিলকে চারণ ভূমিতে দেখতে পেয়ে তাকে বলল, তোমার কুরবানি কবুল হলো আর আমারটি হয়নি। হাবিল বললেন, আল্লাহ কেবল মুত্তাকিদের কুরবানিই কবুল করে থাকেন। এ কথা শুনে চটে গিয়ে কাবিল সাথে থাকা একটি লোহার টুকরো দিয়ে আঘাত করে তাকে হত্যা করে ফেলে।

কেউ কেউ বলেন, কাবিল ঘুমন্ত অবস্থায় হাবিলকে একটি পাথরখণ্ড নিক্ষেপে তার মাথা চূর্ণ-বিচূর্ণ করে দেয়। কেউ কেউ বলেন, কাবিল সজোরে হাবিলের গলা টিপে ধরে এবং হিংস্র পশুর মতো তাকে কামড় দেয়; ফলে তিনি মারা যান। আল্লাহ তাআলাই ভালো জানেন।

কেউ কেউ উল্লেখ করেন, কাবিল হাবিলকে হত্যা করে এক বছর পর্যন্ত, অন্যদের মতে একশত বছর পর্যন্ত তাকে নিজের পিঠে করে রাখে। এরপর আল্লাহ তাআলা দুটি কাক প্রেরণ করেন। সুদ্দি রাহিমাহুল্লাহ সনদসহ কতিপয় সাহাবির বরাতে বর্ণনা করেন, দুই ভাই (ভাই-সম্পর্কীয় দুটি কাক) পরস্পর ঝগড়া করে একজন অপরজনকে হত্যা করে ফেলে। তারপর মাটি খুঁড়ে তাকে দাফন করে রাখে। তখন কাবিল এই দৃশ্য দেখে বলল, يَا وَيْلَتَا أَعَجَزْتُ أَنْ أَكُونَ مِثْلَ هَٰذَا الْغُرَابِ এরপর সে কাকের মতো হাবিলকে দাফন করে দিলো।

আদম আ.-এর মৃত্যু ও পুত্র শিস আ.-এর প্রতি অসিয়ত

শিস অর্থ আল্লাহর দান। হাবিলের নিহত হওয়ার পর তিনি এই সন্তান লাভ মাইলেন বলে আদম ও হাওয়া আলাইহুমাস সালাম তাঁর এই নাম রেখেছিলেন।

আবু জর রাদিয়াল্লাহু আনহু রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আল্লাহ তাআলা একশ চারখানা সহিফা (পুস্তিকা) নাজিল আছেন। তন্মধ্যে পঞ্চাশটি নাজিল করেছেন শিস আলাইহিস সালামের ওপর।

মুহাম্মাদ ইবনু ইসহাক বলেন, মৃত্যুর সময় ঘনিয়ে এলে আদম আলাইহিস সালাম এর পুত্র শিস আলাইহিস সালামকে অসিয়ত করেন, তাঁকে রাত ও দিবসের ক্ষণসমূহ এবং সেসব ক্ষণের ইবাদতসমূহ শিখিয়ে যান ও ভবিষ্যতে ঘটিতব্য তুফান সম্পর্কে অবহিত করে যান। মুহাম্মদ ইবনু ইসহাক রাহিমাহুল্লাহ বলেন, আজকের সকল আদমসন্তানের বংশধারা শিস পর্যন্ত গিয়ে শেষ হয়ে যায় এবং শিস ব্যতীত আদম আলাইহিস সালামের অপর সব কটি বংশধারাই বিলুপ্ত হয়ে যায়। আল্লাহ তাআলাই ভালো জানেন।

কোনো এক জুমার দিন আদম আলাইহিস সালাম শেষ নিঃশ্বাস ত্যাগ করলে রিশতাগণ আল্লাহর পক্ষ থেকে জান্নাত থেকে কিছু সুগন্ধি ও কাফন নিয়ে তাঁর নিকট আগমন করেন এবং তাঁর পুত্র এবং স্থলাভিষিক্ত শিস আলাইহিস সালামকে সানা দান করেন। মুহাম্মদ ইবনু ইসহাক রাহিমাহুল্লাহ বলেন, আর সাত দিন ও যত রাত পর্যন্ত চন্দ্র ও সূর্যের গ্রহণ লেগে থাকে।

হজরত ইদরিস আলাইহিস সালাম

হজরত ইদরিস আ.-এর ঘটনা:

আল্লাহ তাআলা মহাগ্রন্থ আল কুরআনে ইরশাদ করেন-

وَاذْكُرْ فِي الْكِتَابِ إِدْرِيسَ إِنَّهُ كَانَ صِدِّيقًا نَبِيًّا، وَرَفَعْنَاهُ مَكَانًا عَلِيًّا .

আর স্মরণ করো এই কিতাবে ইদরিসকে। সে ছিল পরম সত্যনিষ্ঠ নবি। আর আমি তাঁকে উচ্চ মর্যাদায় সমুন্নত করেছিলাম। (সুরা মারইয়াম, আয়াত: ৫৬-৫৭)

এই আয়াতে আল্লাহ তাআলা ইদরিস আলাইহিস সালামের প্রশংসা করেছেন এবং তাঁর নবি ও সিদ্দিক হওয়ার কথা উল্লেখ করেছেন। তিনিই হলেন, ওপরে বর্ণিত খানুখ। বংশ বিশেষজ্ঞদের অনেকে বর্ণনা করেছেন, তিনি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বংশের অন্যতম স্তম্ভ। আদম আলাইহিস সালাম ও শিস আলাইহিস সালামের পর তিনিই প্রথম আদমসন্তান-যাকে নবুওয়াত দান করা হয়েছিল।

আল্লাহ তাআলার বাণী-

وَرَفَعْنَاهُ مَكَانًا عَلِيًّا.

আর আমি তাঁকে উচ্চ মর্যাদায় সমুন্নত করেছিলাম। (সুরা মারইয়াম, আয়াত: ৫৭)

এ প্রসঙ্গে সহিহ বুখারি ও মুসলিমে মিরাজ-সংক্রান্ত হাদিসে আছে, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চতুর্থ আসমানে তাঁর সঙ্গে সাক্ষাৎ হয়েছিল। ইবনু জারির রাহিমাহুল্লাহ হিলাল ইবনু ইয়াসাফ রাহিমাহুল্লাহ সূত্রে বর্ণনা করেন, ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু আমার উপস্থিতিতে কাব রাদিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করেছেন, ইদরিস আলাইহিস সালাম সম্পর্কে আল্লাহ তাআলার

উক্তি وَرَفَعْنَاهُ مَكَانًا عَلِيًّا -এর অর্থ কী? উত্তরে কাব রাদিয়াল্লাহু আনহু বলেছিলেন,

আল্লাহ তাআলা ইদরিস আলাইহিস সালামের কাছে অহি প্রেরণ করেন, প্রতিদিন আমি আদমসন্তানদের সমস্ত আমলের সমপরিমাণ প্রতিদান দেবো। সম্ভবত তার সমকালীন মানব সন্তানদেরকেই বোঝানো হয়েছে। এতে তিনি তার আমল আরও বৃদ্ধি করতে আগ্রহী হয়ে পড়েন। এরপর তাঁর এক ফিরিশতা বন্ধু তার নিকট আগমন করলে তিনি তাকে বললেন, আল্লাহ তাআলা আমার প্রতি এরূপ এরূপ অহি পাঠিয়েছেন। আপনি মালাকুল মাউত-এর সঙ্গে কথা বলুন, যাতে আমি আরও বেশি আমল করতে পারি। ফলে সেই ফিরিশতা তাঁকে তার দুই ডানার মধ্যে বহন করে আকাশে নিয়ে যান। তিনি চতুর্থ আসমানে পৌঁছলে তাঁর

সঙ্গে মালাকুল মাউত-এর সাক্ষাৎ ঘটে। ফিরিশতা তার সঙ্গে ইদরিস আলাইহিস সালামের বক্তব্য সম্পর্কে আলাপ করেন। মালাকুল মাউত বললেন, ইদরিস আলাইহিস সালাম কোথায়? জবাবে তিনি বললেন, এই তো তিনি আমার পিঠের ওপর। মালাকুল মাওত বললেন, আশ্চর্য! চতুর্থ আকাশে ইদরিস আলাইহিস সালামের রুহ কবজ করার আদেশ দিয়ে আমাকে প্রেরণ করা হলে আমি ভাবতে লাগলাম, কীভাবে আমি চতুর্থ আকাশে তাঁর রুহ কবজ করব, অথচ তিনি পৃথিবীতে রয়েছেন। যাহোক, মালাকুল মাউত সেখানেই তাঁর রুহ কবজ করে ফেলেন।

হযরত নূহ আলাইহিস সালাম

নূহ (আঃ)-এর পরিচয় :

আদম (আঃ) থেকে নূহ (আঃ) পর্যন্ত দশ শতাব্দীর ব্যবধান ছিল। যার শেষদিকে ক্রমবর্ধমান মানবকুলে শিরক ও কুসংস্কারের আবির্ভাব ঘটে এবং তা বিস্তৃতি লাভ করে। ফলে তাদের সংশোধনের জন্য আল্লাহ নূহ (আঃ)-কে নবী ও রাসূল করে পাঠান। তিনি সাড়ে নয়শত বছরের দীর্ঘ বয়স লাভ করেছিলেন এবং সারা জীবন পথভোলা মানুষকে পথে আনার জন্য দাওয়াতে অতিবাহিত করেন। কিন্তু তাঁর কওম তাঁকে প্রত্যাখ্যান করে। ফলে আল্লাহর গযবে তারা নিশ্চিহ্ন হয়ে যায়। এরপরে আরও কয়েকটি কওম আল্লাহর অবাধ্যতার কারণে পরপর ধ্বংস হয়। এভাবে পৃথিবীতে আদি যুগে ধ্বংসপ্রাপ্ত ৬টি জাতির ঘটনা কুরআনের বিভিন্ন স্থানে বর্ণিত হয়েছে এবং কুরআনের মাধ্যমেই জগদ্বাসী তাদের খবর জানতে পেরেছে। যাতে মুসলিম উম্মাহ ও পৃথিবীবাসী তা থেকে শিক্ষা গ্রহণ করে। উক্ত ৬টি জাতি হ’ল- কওমে নূহ, ‘আদ, ছামূদ, কওমে লূত, মাদইয়ান ও কওমে ফেরাঊন। অবশ্য কুরআনে এ তালিকায় কওমে ইবরাহীমের কথাও এসেছে (তওবাহ ৯/৭০)। যদিও তারা একত্রে ধ্বংস হয়নি। তবে ইবরাহীমের ভাতিজা লূত-এর কওম একত্রে ধ্বংস ও নিশ্চিহ্ন হয়েছিল। আমরা এখানে প্রথমে নূহ (আঃ) ও তাঁর কওম সম্পর্কে আলোচনা করব।

নূহ (আঃ)-এর পরিচয় :

‘আবুল বাশার ছানী’ (ابوالبشرالثانى) বা মানবজাতির দ্বিতীয় পিতা বলে খ্যাত নূহ (আলাইহিস সালাম) ছিলেন পিতা আদম (আলাইহিস সালাম)-এর দশম অথবা অষ্টম অধঃস্তন পুরুষ। তিনি ছিলেন দুনিয়াতে ১ম রাসূল।[1]

নূহ (আঃ)-এর চারটি পুত্র ছিলঃ সাম, হাম, ইয়াফিছ ও ইয়াম অথবা কেন‘আন।[2] প্রথম তিনজন ঈমান আনেন। কিন্তু শেষোক্ত জন কাফের হয়ে প্লাবনে ডুবে মারা যায়। নূহ (আঃ)-এর দাওয়াতে তাঁর কওমের হাতেগণা মাত্র কয়েকজন ঈমানদার ব্যক্তি সাড়া দেন এবং তারাই প্লাবনের সময় নৌকারোহণের মাধ্যমে নাজাত পান। নূহের কিশতীতে কয়জন ঈমানদার ব্যক্তি আরোহণ করে নাজাত পেয়েছিলেন, সে বিষয়ে কুরআনে বা হাদীছে কোন কিছুই বর্ণিত হয়নি। অমনিভাবে কিশতীটি কত বড় ছিল, কিভাবে ও কত দিনে তৈরী হয়েছিল, এসব বিষয়েও কিছু বর্ণিত হয়নি। এসব বিষয়ে যা কিছু বিভিন্ন তাফসীরে বর্ণিত হয়েছে, সবকিছুর ভিত্তি হ’ল ইস্রাঈলী উপকথা সমূহ। যার সঠিক কোন ভিত্তি নেই।[3] ইমাম তিরমিযী হযরত সামুরা (রাঃ) প্রমুখাৎ রাসূলুল্লাহ (ছাঃ) হ’তে সূরা ছাফফাত ৭৭ আয়াতের তাফসীরে বর্ণনা করেন যে, নূহের প্লাবন শেষে কেবল তাঁর তিন পুত্র সাম, হাম ও ইয়াফেছ-এর বংশধরগণই অবশিষ্ট ছিল।[4] রাসূলুল্লাহ (ছাঃ) আরও বলেন যে,

سام أبو العرب وحام أبو الحبش و يافث أبو الروم.

‘সাম আরবের পিতা, হাম হাবশার পিতা এবং ইয়াফেছ রোমকদের (গ্রীক) পিতা’।[5]ইবনু আববাস ও ক্বাতাদাহ (রাঃ) বলেন, পরবর্তী মানব জাতি সবাই নূহের বংশধর’।[6]

আল্লাহ বলেন, وَجَعَلْنَا ذُرِّيَّتَهُ هُمُ الْبَاقِيْنَ. ‘আমরা তার (নূহের) বংশধরগণকেই অবশিষ্ট রেখেছি’ (ছাফফাত ৩৭/৭৭)। ফলে ইহুদী-খৃষ্টান সহ সকল ধর্মমতের লোকেরা নূহ (আঃ)-কে তাদের পিতা হিসাবে মর্যাদা দিয়ে থাকে। সাম ছিলেন তিন পুত্রের মধ্যে বড়। তিনি ছিলেনأبو العرب বা আরব জাতির পিতা। তাঁর বংশধরগণের মধ্যেই ছিলেন হযরত ইবরাহীম, ইসমাঈল, ইসহাক এবং ইসমাঈলের বংশধর ছিলেন মানবজাতির শ্রেষ্ঠ সন্তান হযরত মুহাম্মাদ (ছাঃ)। ইসহাকের বংশধরগণের মধ্যে ছিলেন ইয়াকূব, ইউসুফ, মূসা, দাঊদ, সুলায়মান, ইউনুস, ইলিয়াস, ঈসা প্রমুখ নবী ও রাসূলগণ। হাম ও ইয়াফেছ-এর

বংশধরগণের নিকটে প্রেরিত নবীগণের নাম জানা যায়নি। তবে আরবদের মধ্যকার চারজন নবী ছিলেন হূদ, ছালেহ, শু‘আয়েব ও মুহাম্মাদ (ছাঃ)।[7] অধিকাংশ ছাহাবীর মতে নূহ (আঃ) ছিলেন ইদরীস (আঃ)-এর পূর্বেকার নবী।[৪] তিনিই ছিলেন জগতের প্রথম রাসূল।[9] ইবনু আববাস (রাঃ) বলেন, তিনি চল্লিশ বছর বয়সে নবুঅত প্রাপ্ত হন এবং মহাপ্লাবনের পর ষাট বছর জীবিত ছিলেন।[10] ফলে সুদীর্ঘকাল যাবত তিনি নবী হিসাবে শিরকে নিমজ্জিত হঠকারী কওমকে দাওয়াত দেন। প্লাবনের পর তাঁর সাথে নৌকারোহী মুমিন নর-নারীদের মাধ্যমে পৃথিবীতে নতুনভাবে আবাদ শুরু হয় এবং তাদেরকে তিনি সত্যের পথে পরিচালিত করেন। এ কারণে তাঁকে ‘মানব জাতির দ্বিতীয় পিতা’ বলা হয়।

আদম (আঃ) ৯৬০ বছর বেঁচে ছিলেন[11] এবং নূহ (আঃ) ৯৫০ বছর জীবন পেয়েছিলেন (আনকাবূত ২৯/১৪)। উল্লেখ্য যে, আদম ও নূহ (আঃ)-এর দীর্ঘ বয়স আল্লাহর বিশেষ দান ও তাঁদের মু‘জেযা স্বরূপ ছিল। নূহ (আঃ)-এর পুরুষানুক্রমিক বয়স তাঁর ন্যায় দীর্ঘ ছিল না। নূহ (আঃ) ইরাকের মূছেল নগরীতে স্বীয় সম্প্রদায়ের সাথে বসবাস করতেন। তারা বাহ্যতঃ সভ্য হ’লেও শিরকের অন্ধকারে নিমজ্জিত ছিল। তিনি তাদের হেদায়াতের জন্য প্রেরিত হয়েছিলেন।

উল্লেখ্য যে, হযরত নূহ (আঃ) সম্পর্কে পবিত্র কুরআনের ২৮টি সূরায় ৮১টি আয়াতে বর্ণিত হয়েছে।[12]

[রেফারেন্সঃ
১]. মুসলিম হা/৩২৭ ‘ঈমান’ অধ্যায় ৮৪ অনুচ্ছেদ। রাবী আবু হুরায়রা (রাঃ)।
২]. কুরতুবী, সূরা আনকাবূত ১৪ আয়াতের ব্যাখ্যা।
৩]. দ্রঃ কুরতুবী টীকা সূরা হূদ ৩৮-৪০ আয়াত।]

৪] তাফসীর ইবনে কাছীর সূরা ছাফফাত ৭৭ আয়াতের ব্যাখ্যা।
৫]. তিরমিযী হা/৩২৩০-৩১; আলবানী সনদ ‘যঈফ’ বলেছেন; আহমাদ হা/১৯৯৮২ তাহকীকঃ হামযাহ আহমাদ; হাকেম ২/৫৪৬ পৃঃ; তিনি একে ‘ছহীহ’ বলেছেন ও যাহাবী তাকে সমর্থন করেছেন।
৬]. ঐ।

৭]. মুহাম্মাদ সালামাহ জাবর, তারীখুল আম্বিয়া (কুয়েত : মাকতাবা ছাহওয়াহ ১৪১৩/১৯৯৩), পৃঃ ১৪৩-৪৪, ছহীহ ইবনু হিববান, আবু যর গেফারী হ'তে মরফূ সূত্রে; সনদ যঈফ।

৮]. বাহরে মুহীত-এর বরাতে তাফসীর মা'আরেফুল কুরআন পৃঃ ৪৫২ সূরা আ'রাফ ৫৯-৬৪ আয়াত।

৯]. মুত্তাফাক্ব আলাইহ, মিশকাত হা/৫৫৭২, 'ক্বিয়ামতের অবস্থা' অধ্যায় 'হাউয ও শাফা'আত' অনুচ্ছেদ।

১০]. কুরতুবী, ইবনু কাছীর; সূরা আনকাবূত ১৪-১৫ আয়াত।

১১]. তিরমিযী, মিশকাত হা/১১৮ 'তাক্বদীরে বিশ্বাস' অনুচ্ছেদ; তিরমিযী অত্র হাদীছকে 'হাসান ছহীহ' বলেছেন। অতঃপর 'সালাম' অনুচ্ছেদে বর্ণিত ৪৬৬২ নং হাদীছটিকে তিনি 'হাসান গরীব' বলেছেন। যেখানে আদম (আঃ)-এর বয়স ৯৪০ বলা হয়েছে। ছাহেবে মিরক্বাত ও ছাহেবে তুহফা প্রথমোক্ত হাদীছকে 'অগ্রগণ্য' (أرجح) বলেছেন।

১২]. যথাক্রমে আলে ইমরান ৩/৩৩-৩৪; নিসা ৪/১৬৩; আন'আম ৬/৬, ৮৪; আ'রাফ ৭/৫৯, ৬৯, ১৩৩= ৩; তওবা ৯/৭০; ইউনুস ১০/৭১; হূদ ১১/২৫, ৩২, ৩৬, ৪২, ৪৫, ৪৬, ৪৮, ৮৯= ৮; ইবরাহীম ১৪/৯; ইসরা ১৭/৩, ১৭; মারিয়াম ১৯/৫৮; আম্বিয়া ২১/৭৬; হজ্জ ২২/৪২; মুমিনূন ২৩/২৩; ফুরক্বান ২৫/৩৭; শো'আরা ২৬/১০৫, ১০৬, ১১৬; আনকাবূত ২৯/১৪-১৫; আহযাব ৩৩/৭; ছাফফাত ৩৭/৭৫, ৭৯; ছোয়াদ ৩৮/১২; গাফের/মুমিন ৪০/৫, ৩১-৩৩= ৪; শূরা ৪২/১৩; ক্বাফ ৫০/১২; যারিয়াত ৫১/৪৬; নাজম ৫৩/৫২; ক্বামার ৫৪/৯-১৬= ৮; হাদীদ ৫৭/২৬; তাহরীম ৬৬/১০; নূহ ৭১/১-২৮= ২৮। সর্বমোট = ৮১ টি।

তৎকালীন সামাজিক ও ধর্মীয় অবস্থা আদম (আঃ)-এর সময়ে ঈমানের সাথে শিরক ও কুফরের মুকাবিলা ছিল না। তখন সবাই তওহীদের অনুসারী একই উম্মতভুক্ত ছিল (বাক্বারাহ ২/২১৩)। তাঁর শরী'আতের অধিকাংশ বিধানই ছিল পৃথিবী আবাদকরণ ও মানবীয় প্রয়োজনাদির সাথে সম্পৃক্ত। কিন্তু কালের বিবর্তনে মানুষের মধ্য শিরকের অনুপ্রবেশ ঘটে। নূহের কওম ওয়াদ, সুওয়া', ইয়াগূছ, ইয়াঊক্ব ও নাস্র প্রমুখ মৃত নেককার লোকদের অসীলায় আখেরাতে মুক্তি পাবার আশায় তাদের পূজা শুরু করে। এই পূজা তাদের কবরেও হ'তে পারে, কিংবা তাদের মূর্তি বানিয়েও হ'তে পারে। মুহাম্মাদ ইবনু ক্বায়েস বলেন, আদম ও নূহ (আঃ)-এর মধ্যবর্তী সময়কালের এই পাঁচজন ব্যক্তি নেককার ও সৎকর্মশীল বান্দা হিসাবে প্রসিদ্ধ ছিলেন। তাঁদের মৃত্যুর পর ভক্ত অনুসারীগণকে শয়তান এই বলে প্ররোচনা দেয় যে, এইসব নেককার মানুষের মূর্তি সামনে থাকলে তাদের দেখে আল্লাহর প্রতি ইবাদতে অধিক আগ্রহ সৃষ্টি হবে। ফলে তারা তাদের মূর্তি বানায়।

অতঃপর উক্ত লোকদের মৃত্যুর পরে তাদের পরবর্তীগণ শয়তানের ধোঁকায় পড়ে ঐ মূর্তিগুলিকেই সরাসরি উপাস্য হিসাবে পূজা শুরু করে দেয়। তারা এইসব মূর্তির অসীলায় বৃষ্টি প্রার্থনা করত'।[13] আর এভাবেই পৃথিবীতে প্রথম মূর্তিপূজার শিরকের সূচনা হয়। ইমাম বুখারী (রহঃ) হযরত আব্দুল্লাহ ইবনে আববাস (রাঃ) হ'তে বর্ণনা করেন, তিনি বলেন যে, এই লোকগুলি হযরত নূহ (আঃ)-এর যুগের নেককার ব্যক্তি ছিলেন। তাদের মৃত্যুর পর শয়তান তাদের অনুসারীদের এই মর্মে ধোঁকা দিল যে, এঁদের বসার স্থানগুলিতে এক একটি মূর্তি বানাও ও তাদের নামে নামকরণ কর। লোকেরা তাই করল।
এই মূর্তিগুলি পরবর্তীকালে আরবদের মধ্যেও চালু ছিল। 'ওয়াদ' ছিল বনু কালবের জন্য দূমাতুল জান্দালে, সুওয়া' ছিল বনু হোযায়েলের জন্য, ইয়াগূছ ছিল বনু গুত্বায়েফ-এর জন্য জুরুফ নামক স্থানে, ইয়া'ঊক্ব ছিল বনু হামদানের জন্য এবং নাস্র ছিল হিমইয়ার গোত্রের বনু যি-কালা এর জন্য'।[14]

ইবনু আবী হাতেম-এর বর্ণনায় এসেছে যে, 'ওয়াদ' ছিল এদের মধ্যে প্রথম এবং সর্বাধিক নেককার ব্যক্তি। তিনি মারা গেলে লোকেরা তার প্রতি ভক্তিতে কান্নায় ভেঙ্গে পড়ে। শয়তান এই সুযোগ গ্রহণ করে এবং লোকদেরকে তার মূর্তি বানাতে প্ররোচনা দেয়। ফলে ওয়াদ-এর মূর্তিই হ'ল পৃথিবীর সর্বপ্রথম মূর্তি, আল্লাহকে বাদ দিয়ে যার পূজা শুরু হয়'।[15]

অতএব পৃথিবীর প্রাচীনতম শিরক হ'ল নেককার মানুষের কবর অথবা তাদের মূর্তিপূজা। যা আজও প্রায় সকল ধর্মীয় সমাজে চালু আছে এবং বর্তমানে যা মুসলিম সমাজে স্থানপূজা, কবর পূজা, ছবি-প্রতিকৃতি, মিনার ও ভাষ্কর্য পূজায় রূপ নিয়েছে। উক্ত পাঁচটি মূর্তির মাহাত্ম্য ও তাদের প্রতি ভক্তি লোকদের হৃদয়ে এমনভাবে প্রোথিত হয়েছিল যে, তারা বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে এবং পারস্পরিক চুক্তি সম্পাদনকালে তাদের নাম উল্লেখ করত। এতদ্ব্যতীত তারা নানাবিধ সামাজিক অনাচারে ডুবে গিয়েছিল। সম্প্রদায়ের এইরূপ পতন দশায় আল্লাহ তাদের হেদায়াতের জন্য নূহ (আঃ)-কে রাসূল হিসাবে প্রেরণ করেন (আ'রাফ ৭/৬১)।

[রেফারেন্সঃ] ১৩]. ইবনু কাছীর, সূরা নূহ। বুখারী মওকুফ সূত্রে আবদুল্লাহ ইবনে আববাস (রাঃ) হ'তে এটি বর্ণনা করেন 'তাফসীর' অধ্যায় হা/৪৯২০।
১৪]. বুখারী 'তাফসীর' অধ্যায় হা/৪৯২০; তাফসীর ইবনে কাছীর, সূরা নূহ।
১৫]. তাফসীর ইবনে কাছীর, সূরা নূহ স্বীয় কওমের প্রতি নূহ (আঃ)]

হজরত হুদ আলাইহিস সালাম

হুদ আলাইহিস সালাম এর পরিচয়:

তিনি হুদ ইবনু শালিখ ইবনু আরফাখশাজ ইবনু সাম ইবনু নুহ আলাইহিস সালাম। মতান্তরে হুদ-যার নাম ছিল আবির ইবনু আরফাখশাজ ইবনু সাম ইবনু নুহ আলাইহিস সালাম। অন্যমতে, হুদ ইবনু আবদিল্লাহ ইবনু রাবাহ ইবনুল জারুদ ২। ইবনু আজ ইবনু আউস ইবনু ইরাম ইবনু সাম ইবনু নুহ আলাইহিস সালাম।

স্বীয় কওমের প্রতি দাওয়াত ও আল্লাহর আজাব এর ঘটনা

হজরত নুহ আলাইহিস সালামের মহাপ্লাবনের পর আদে উলা সর্বপ্রথম মূর্তিপূজা আরম্ভ করে। তাদের মূর্তি ছিল তিনটি। যথা: এক. সাদদা, দুই. সামুদা, তিন, হাররা। আল্লাহ তাদের মাঝে হুদ আলাইহিস সালামকে নবিরূপে প্রেরণ করেন। তিনি তাদেরকে আল্লাহর দিকে আহ্বান করেন।

তারা বলল, তুমি কি আমাদের নিকট এজন্য এসেছ, আমরা এক আল্লাহর ইবাদত করি এবং ত্যাগ করি আমাদের পিতৃপুরুষগণ যার ইবাদত করত? সুতরাং তুমি আমাদেরকে যে ওয়াদা দিচ্ছ, তা আমাদের কাছে নিয়ে এসো, যদি তুমি সত্যবাদী হও।

সে বলল, নিশ্চয় তোমাদের ওপর তোমাদের রবের পক্ষ থেকে আজাব ও ক্রোধ পতিত হয়েছে। তোমরা কি এমন নামসমূহের ব্যাপারে আমার সাথে বিবাদ করছ, যার নামকরণ

করেছ তোমরা ও তোমাদের পিতৃপুরুষরা, যার ব্যাপারে আল্লাহ কোনো প্রমাণ নাজিল করেননি? সুতরাং তোমরা অপেক্ষা করো। আমিও তোমাদের সাথে অপেক্ষা করছি। অতঃপর আমি তাঁকে ও তাঁর সাথে যারা ছিল, তাঁদেরকে আমার পক্ষ থেকে রহমত দ্বারা রক্ষা করেছি এবং তাদের মূল কেটে দিয়েছি, যারা আমার আয়াতসমূহ অস্বীকার করেছিল। আর তারা মুমিন ছিল না। [সুরা আরাফ, আয়াত: ৬৫-৭২)

আল্লাহ সুবহানাল্লাহ ওয়াতাআ'লা বলেন;
যখন আমার আদেশ আসল, আমি হুদকে ও যারা তার সাথে ঈমান এনেছিল তাদেরকে আমার পক্ষ থেকে রহমত দ্বারা রক্ষা করলাম এবং আমি কঠোর আজাব থেকে তাদেরকে নাজাত দিলাম। এই আদ জাতি, তারা তাদের রবের আয়াতসমূহ অস্বীকার করেছিল এবং অমান্য করেছিল তাঁর রাসুলদের, আর তারা অনুসরণ করেছিল প্রত্যেক উদ্ধত, হঠকারীর নির্দেশ। আর এই দুনিয়ায় লানত তাদের পেছনে লাগিয়ে দেওয়া হয়েছে এবং কিয়ামত দিবসেও। জেনে রাখো, আদ জাতি নিশ্চয় তাদের রবকে অস্বীকার করেছে। জেনে রাখো, হুদের কওম আদ জাতির জন্য রয়েছে ধ্বংস। (সুরা হুদ, আয়াত : ৫০-৬০]

আদ জাতি রাসুলগণকে অস্বীকার করেছিল, যখন তাদের ভাই হুদ তাদেরকে বলেছিল, তোমরা কি তাকওয়া অবলম্বন করবে না? নিশ্চয় আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসুল। সুতরাং আল্লাহর তাকওয়া অবলম্বন করো এবং আমার আনুগত্য করো। আর এর ওপর আমি তোমাদের কাছে কোনো পারিশ্রমিক চাই না; আমার প্রতিদান কেবল সৃষ্টিকুলের রবের নিকট। তোমরা কি প্রতিটি উঁচু স্থানে বেহুদা স্তম্ভ নির্মাণ করছ? আর তোমরা সুদৃঢ় প্রাসাদ নির্মাণ করছ, যেন তোমরা স্থায়ী হবে। আর তোমরা যখন কাউকে পাকড়াও করো, পাকড়াও করো স্বেচ্ছাচারী হয়ে। সুতরাং আল্লাহর তাকওয়া অবলম্বন করো এবং আমাকে অনুসরণ করো। আর তাঁর তাকওয়া অবলম্বন করো, যিনি তোমাদেরকে সাহায্য করেছেন এমন কিছু দিয়ে, যা তোমরা জানো। তিনি তোমাদেরকে সাহায্য করেছেন চতুষ্পদ জন্তু ও সন্তান-সন্ততি দ্বারা, আর উদ্যান ও ঝরনা দ্বারা। নিশ্চয় আমি তোমাদের ওপর এক মহাদিবসের আজাবের ভয় করছি।
(সূরা শুআরা)

হজরত ইবরাহীম খলিলুল্লাহ আলাইহিস সালাম

ইব্রাহীম (আলাইহিস সালাম) ছিলেন একজন মহামানব ও নবী, যাকে ইসলাম ধর্মে "খলিলুল্লাহ" (আল্লাহর বন্ধু) উপাধি দেওয়া হয়েছে। তিনি ইসলাম, ধর্মে অত্যন্ত গুরুত্বপূর্ণ একজন নবী। তাঁর জীবনী বিভিন্ন ঐতিহাসিক ও ধর্মীয় গ্রন্থে বিস্তারিত বর্ণনা করা হয়েছে। এখানে তাঁর জীবনের প্রধান দিকগুলো তুলে ধরা হলো:

জন্ম ও পরিবার:

ইব্রাহীম (আ.) জন্মগ্রহণ করেন মেসোপটেমিয়ার (বর্তমান ইরাক) বাবিল এলাকায়, যেখানে প্রচলিত ছিল মূর্তিপূজা ও নক্ষত্রপূজা। তাঁর পিতার নাম ছিল আজার (কুরআনে উল্লেখিত), যিনি মূর্তি তৈরি করতেন।

তাওহীদের প্রচার

ইব্রাহীম (আ.) ছোটবেলা থেকেই মূর্তিপূজার বিরোধিতা করতেন এবং এক আল্লাহর অস্তিত্বের কথা চিন্তা করতেন। তিনি তাঁর জাতিকে তাওহীদের (একত্ববাদ) পথে ডেকেছিলেন এবং মূর্তিপূজা ও অন্ধবিশ্বাস থেকে তাদের ফিরিয়ে আনতে চেয়েছিলেন।

কুরআনের বর্ণনা

ইব্রাহীম (আ.) একবার একটি উৎসবের সময় মূর্তিগুলো ভেঙে ফেলেন এবং বড় মূর্তির গলায় কুঠার ঝুলিয়ে দেন। পরে তিনি জাতিকে বলেন, বড় মূর্তিই এটি করেছে, কারণ সে শক্তিশালী। এই যুক্তির মাধ্যমে তিনি দেখিয়েছিলেন যে মূর্তিগুলো অসহায় এবং সৃষ্টিকর্তা হতে পারে না।

তিনি নক্ষত্র, চন্দ্র ও সূর্যের পূজা পরিত্যাগ করে ঘোষণা করেছিলেন:
"আমি এক আল্লাহর প্রতি মুখ ফেরালাম, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন।"
(সুরা আল-আনআম: ৭৯)

আগুনে নিক্ষেপ

ইব্রাহীম (আ.)-এর তাওহীদের প্রচারে বিরক্ত হয়ে শাসক নমরুদ তাঁকে বিশাল আগুনে নিক্ষেপের নির্দেশ দেন। কিন্তু আল্লাহর নির্দেশে আগুন ঠান্ডা হয়ে যায় এবং তিনি অক্ষত অবস্থায় বেরিয়ে আসেন।

হিজরত

ইব্রাহীম (আ.) আল্লাহর আদেশে তাঁর স্ত্রী সারাহ এবং ভাগিনা লুত (আ.)-কে নিয়ে বাবিল থেকে হিজরত করে ক্যানানে (বর্তমান ফিলিস্তিন) চলে যান। পরে তিনি মিসর ও মক্কাসহ বিভিন্ন স্থানে ভ্রমণ করেন।

হাজিরা ও ইসমাঈল (আ.)

ইব্রাহীম (আ.)-এর প্রথম স্ত্রী সারাহ সন্তানহীন ছিলেন। পরে তিনি তাঁর দ্বিতীয় স্ত্রী হজরাহর গর্ভে ইসমাঈল (আ.)-এর জন্ম পান। আল্লাহর নির্দেশে তিনি হজরাহ ও ইসমাঈলকে মক্কার মরুভূমিতে রেখে আসেন। সেখানেই জমজম কূপের সৃষ্টি হয় এবং ইসমাঈল (আ.) আরবদের পূর্বপুরুষ হন।

কাবা নির্মাণ

ইব্রাহীম (আ.) ও তাঁর পুত্র ইসমাঈল (আ.) আল্লাহর আদেশে মক্কায় কাবাঘর নির্মাণ করেন। কাবাঘর নির্মাণ শেষে তাঁরা দোয়া করেন:
"হে আমাদের প্রতিপালক! আমাদের থেকে গ্রহণ করুন। নিশ্চয়ই আপনি সর্বশ্রোতা, সর্বজ্ঞানী।" (সুরা আল-বাকারা: ১২৭)

কুরবানি

ইব্রাহীম (আ.)-কে আল্লাহ পরীক্ষার জন্য স্বপ্নে তাঁর প্রিয় পুত্র ইসমাঈল (আ.)-কে কুরবানি করার আদেশ দেন। ইব্রাহীম (আ.) বিনা দ্বিধায় আদেশ পালন করতে যান, কিন্তু আল্লাহর পক্ষ থেকে এটি একটি পরীক্ষা ছিল। আল্লাহ তাঁকে ইসমাঈল (আ.)-এর পরিবর্তে একটি দুম্বা কুরবানি করার নির্দেশ দেন।

মৃত্যু

ইব্রাহীম (আ.) দীর্ঘ জীবন লাভ করেন এবং আল্লাহর রাসূল হিসেবে পৃথিবীতে তাওহীদের বাণী প্রচার করেন। তিনি বর্তমান ফিলিস্তিনে ইন্তেকাল করেন এবং হেবরন এলাকায় সমাহিত হন। তাঁর মাজারটি এখনও ঐতিহাসিক স্থান হিসেবে বিদ্যমান।

ইব্রাহীম (আ.)-এর গুরুত্ব

ইব্রাহীম (আ.)-এর জীবনের শিক্ষা তাওহীদ, ধৈর্য, আত্মত্যাগ ও আল্লাহর প্রতি সম্পূর্ণ বিশ্বাসের উদাহরণ। তিনি মুসলমানদের জন্য হজ ও কুরবানির গুরুত্বপূর্ণ অংশ হিসেবে চিরকালীন প্রেরণা।

ধর্মীয় উৎসব:

মুসলিমরা ঈদুল আযহা পালন করেন তাঁর কুরবানির ঘটনার স্মরণে।

কুরআনের অনেক সুরায় তাঁর নাম ও ঘটনা বর্ণিত হয়েছে (বিশেষত সুরা ইব্রাহীম)।

হজরত লুত আলাইহিস সালাম

হজরত ইবরাহিম আলাইহিস সালামের জীবনে ঘটে যাওয়া (বিভীষিকাময়) এক বৃহৎ ঘটনা হলো কওমে লুতের ওপর আপতিত খোদায়ি গজব। কেননা, নবি লুত আলাইহিস সালাম

ছিলেন হজরত ইবরাহিম খলিলুল্লাহ আলাইহিস সালামের ভাতিজা। তিনি ছিলেন হজরত ইবরাহিম আলাইহিস সালামের ভাই হারানের পুত্র। লুত ইবনু হারান ইবনু তারিখ। তারিখ হলেন প্রসিদ্ধ আজর। হজরত ইবরাহিম আলাইহিস সালামরা ছিলেন তিন ভাই- ইবরাহিম, হারান, তারিহ। হারানের পুত্রই হলেন নবি হজরত লুত আলাইহিস সালাম।

